

প্রেস বিজ্ঞপ্তি

নোবিপ্রবির সঙ্গে বসনিয়ার তুজলা এবং

বুলগেরিয়ার ইউনিভার্সিটি অব ন্যাশনাল এন্ড ওয়ার্ল্ড ইকোনমির সমঝোতা স্মারক স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে Erasmus plus Agreement এর আওতায় বসনিয়া ও হার্জেগোভেনিয়ার তুজলা বিশ্ববিদ্যালয় এবং বুলগেরিয়ার ইউনিভার্সিটি অব ন্যাশনাল এন্ড ওয়ার্ল্ড ইকোনমি (UNWE) এর মধ্যে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়েছে। আজ বুধবার (২৩ নভেম্বর ২০২২) উপাচার্য দপ্তরে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

এসময় আরও উপস্থিত ছিলেন, নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, আইআইটির পরিচালক অধ্যাপক ড. মোঃ সেলিম হোসেন, সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মোঃ রোকনুজ্জামান সিদ্দিকী, রেজিস্ট্রার (অ:দা:) মোহাম্মদ জসীম উদ্দিন প্রমুখ।

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম। বসনিয়া ও হার্জেগোভেনিয়ার তুজলা বিশ্ববিদ্যালয় পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেক্টর প্রফেসর ড. নারমিনা হাজিজগারিক। অন্যদিকে বুলগেরিয়ার ইউনিভার্সিটি অব ন্যাশনাল এন্ড ওয়ার্ল্ড ইকোনমি (UNWE) এর পক্ষে দ্বিপাক্ষিক চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস রেক্টর প্রফেসর ড. ম্যাটিল্ডা আলেকসান্দ্রোভা বসনাকোভা এবং নোবিপ্রবির পক্ষে স্বাক্ষর করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম। এসময় উক্ত বিশ্ববিদ্যালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ ভার্চুয়ালি যুক্ত ছিলেন।

অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, ‘বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে শিক্ষক-শিক্ষার্থী বিনিময়ের এ ধরনের সমঝোতা ভবিষ্যতে দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে সহায়তা করবে। নোবিপ্রবির সঙ্গে তুজলা এবং বুলগেরিয়ার ন্যাশনাল এন্ড ওয়ার্ল্ড ইকোনমি বিশ্ববিদ্যালয়ের এ সমঝোতা স্মারক ভবিষ্যতে এসব বিশ্ববিদ্যালয়কে এগিয়ে যেতে আরও দৃঢ় ভূমিকা পালন করবে।’ এসময় মাননীয় উপাচার্য সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

R. N. U. S. R.

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।